# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

তারিখঃ /০৭/২০২৪

**দপ্তর আদেশ নং-১৫৬৭ /২০২৪**

যেহেতু, জনাব মোঃ আনোয়ারুল মতিন, অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী, ক্রয় ও সংরক্ষণ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা বিনানুমতিতে গত ০৩/০৮/২০২৩ তারিখ হতে অধ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; যেহেতু, তিনি সামাজিক যোগাযোগ মাধ্যমে স্টেটাসে জানান যে, মার্কিন যুক্তরাষ্ট্রের Troy University তে Master of Business Administration (MBA) এ উচ্চ শিক্ষা গ্রহণের উদ্দেশ্যে মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন; যেহেতু, বিনানুমতিতে দপ্তরে অনুপস্থিত এবং বিদেশ গমন করায় বিষয়টি যাচাই-বাছাই পূর্বক সুনির্দিষ্ট সুপারিশ সহ প্রতিবেদন দাখিলের নিমিত্ত কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-২৯৭৮/২০২৩ তারিখঃ ২৫/০৯/২০২৩ দ্বারা জনাব মোঃ কবির হোসেন, সহকারী পরিচালক(প্রশাসন), বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (বর্তমানে উপ-পরিচালক)-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনেও তিনি অননুমোদিত ভাবে কর্মস্থলে অনুপস্থিত ও বিদেশ গমনের বিষয়টির সত্যতা পাওয়া গিয়েছে; যেহেতু, এ প্রেক্ষিতে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-৩৩৬৭/২০২৩ তারিখঃ ১৬/১১/২০২৩ দ্বারা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪১(১) প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের চাকুরী হতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, তিনি দীর্ঘ সময়ে অননুমোদিত ভাবে কর্মস্থলে অনুপস্থিত ও বিদেশ গমন করায় দাপ্তরিক কাজ-কর্মের বিঘ্ন সৃষ্টি হয়েছে; যা কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি; যেহেতু, তার উপর্যুক্ত কার্যকলাপ বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫(ক), ৩৫(খ) এবং ৩৫(গ) প্রবিধান অনুসারে যথাক্রমে "দায়িত্ব পালনে অবহেলা", "অসদাচরণ" এবং "পলায়ন" এর অন্তর্ভূক্ত, তাই কর্তৃপক্ষের স্মারক নং-১৮. ৭০৭.০৪৭. ০০. ০০ .২৭২. ২০২৩/২৭৮ তারিখঃ ২৭/১২/২০২৩ দ্বারা অভিযোগনামা জারীর মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করা হয়; যেহেতু, তিনি অভিযোগনামার জবাব প্রদান করেননি, তাই বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৯(৩) অনুযায়ী অভিযোগ তদন্ত করার জন্য কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-২৬৯/২০২৪ তারিখঃ ০৭/০২/২০২৪ দ্বারা জনাব মোঃ আবদুস সালাম, নির্বাহী প্রকৌশলী(বিদ্যুৎ), যান্ত্রিক ও নৌ-প্রকৌশল বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগটি প্রমানিত হয়েছে; যেহেতু, তদন্ত প্রতিবেদনটি কর্তৃপক্ষের চেয়ারম্যান বরাবর উপস্থাপিত হলে জনাব মোঃ আনোয়ারুল মতিন, অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী (সাময়িক বরখাস্তকৃত), ক্রয় ও সংরক্ষণ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা এর প্রতি বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (আ)(ছ) প্রবিধান মোতাবেক **"চাকুরী হতে বরখাস্ত"** গুরু দন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৯ (৬) প্রবিধান মোতাবেক গত ২৬/০৬/২০২৪ তারিখ দ্বিতীয়/চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়; যেহেতু, ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশনা থাকলেও তিনি জবাব প্রদান করেননি; এছাড়া, গত ০৫/০৫/২০২৪ তারিখে বিআইডব্লিউটিএ কর্তৃক বাংলাদেশ পুলিশ, স্পেশাল ব্রাঞ্চ, রাজারবাগ, ঢাকা এর নিকট প্রেরীত পত্রের প্রেক্ষিতে বিশেষ পুলিশ সুপার, ইমিগ্রেশন(প্রশাসন), পক্ষে এ্যাডিশনাল আইজিপি, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা হতে পত্রের মাধ্যমে জানানো হয় যে, তিনি গত ০৬/০৮/২০২৩ তারিখ যুক্তরাষ্ট্রে গমন করেন, কিন্তু অদ্যাবধি দেশে আগমন করেননি;

যেহেতু, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগনামা, তদন্ত প্রতিবেদন, দ্বিতীয়/চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ, বিশেষ পুলিশ সুপার, ইমিগ্রেশন(প্রশাসন), পক্ষে এ্যাডিশনাল আইজিপি, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা এর পত্রে উল্লিখিত গত ০৬/০৮/২০২৩ তারিখ যুক্তরাষ্ট্রে গমন করার তথ্যাদি এবং অন্যান্য রেকর্ডপত্র পরীক্ষান্তে জনাব মোঃ আনোয়ারুল মতিন, অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী (সাময়িক বরখাস্তকৃত) এর প্রতি বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (আ) (ছ) প্রবিধান মোতাবেক **"চাকুরী হতে বরখাস্ত"** গুরু দন্ড আরোপ করে বিভাগীয় মামলাটি নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ আনোয়ারুল মতিন, অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী (সাময়িক বরখাস্তকৃত), ক্রয় ও সংরক্ষন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা এর প্রতি বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (আ) (ছ) প্রবিধান মোতাবেক **"চাকুরী হতে বরখাস্ত"** গুরু দন্ড আরোপ করে বিভাগীয় মামলার সকল কার্যক্রম পরিসমাপ্তি করা হলো।

স্বাক্ষরিত
(কমডোর আরিফ আহমেদ মোস্তফা)
চেয়ারম্যান
বিআইডব্লিউটিএ।

E/DP/নিঃ/আঃ



CamScanner

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.২৭২.২০২৩/ ৪৫১

তারিখঃ ২৯/০৭/২০২৪

অনুলিপিঃ

০১। পরিচালক, ক্রয় ও সংরক্ষণ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০২। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৩। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৪। পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৫। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা( ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৬। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৮। জনাব মোঃ আনোয়ারুল মতিন, অফিস সহায়ক, ক্রয় ও সংরক্ষণ বিভাগ বিআইডব্লিউটিএ, ঢাকা এবং স্থায়ী ঠিকানাঃ পিতা- জনাব মোঃ আব্দুল মতিন, মধ্য আউসপাড়া, হোল্ডিং নং-৪৬, নিশাতনগর, টংগী, গাজীপুর।
০৯। ব্যক্তিগত নথি।

২৯/৭/২০২৪

(কাজী ওয়াকিল নওয়াজ)
পরিচালক(প্রশাসন ও মানবসম্পদ)
বিআইডব্লিউটিএ